গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২২ মার্চ ২০১৫, ৮ চৈত্র ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তিন সিটি কর্পোরেশন নির্বাচন সামনে রেখে নির্বাচনমুখী হচ্ছে রাজনীতি
২। সৃজনশীল মেধা অন্বেষণে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা উদ্বোধন করলেন শিক্ষামন্ত্রী
৩। টিকাদান কর্মসূচিতে যুক্ত হলো নিউমোনিয়া ও পোলিও ভ্যাকসিন : স্বাস্থ্যমন্ত্রীর উদ্বোধন
৪। চট্টগ্রামে কোরিয়ান ইপিজেডে বিনিয়োগ বাড়াতে কোরিয়ার আগ্রহ : বাণিজ্যমন্ত্রী
৫। রপ্তানিমুখী ১২৩ কারখানার ব্যাংক হিসাব জব্দ
৬। রাসায়নিক সার ব্যবহারে হুমকিতে দেশ: জৈব সার ব্যবহারের তাগিদ বিশেষজ্ঞদের
৭। পানির অভাবে ঝুঁকিতে দেশ : বিশ্ব পানি দিবস আজ
৮। রাজনৈতিক অস্থিরতার প্রভাব শেয়ার বাজারে
৯। ডিসিসি নির্বাচনে বিলবোর্ড অপসারণ হলেও বন্ধ হয়নি পোস্টার সাঁটানো
১০। হরতাল-অবরোধে ভূমি অফিস, পোল্ট্রি ফার্ম ও যুবলীগ নেতার বাড়িতে অগ্নিসংযোগ

চলমান পাতা/২

১। তিন সিটি কর্পোরেশন নির্বাচন সামনে রেখে নির্বাচনমুখী হচ্ছে রাজনীতি

বিশদলীয় জোটের অবরোধ-হরতাল অব্যাহত থাকলেও তিন সিটি কর্পোরেশন নির্বাচনে বিএনপির অংশগ্রহণের নীতিগত সিদ্ধান্তে নির্বাচনমুখী হয়ে উঠেছে দেশের রাজনীতি। বিশ্লেষকরা মনে করছেন, ঢাকার উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনকে সামনে রেখে বদলে যেতে পারে বর্তমান রাজনীতির দৃশ্যপট। কেটে যেতে পারে গুমট আবহাওয়া, ফিরে আসতে পারে স্বস্তি ও শান্তি। এমনকি সিটি নির্বাচনকে ঘিরে নতুন করে কৌতুহলের সৃষ্টি হয়েছে বিদেশি কূটনৈতিক মহলেও। সিটি নির্বাচনে সব দল অংশ নিলে আস্থাহীনতা অনেকাংশে কমে আসবে-এমন বার্তা কূটনীতিকদের পক্ষ থেকে ইতোমধ্যেই আওয়ামী লীগ ও বিএনপিকে অনানুষ্ঠানিকভাবে পৌঁছানো হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। সূত্র-যুগান্তর, সমকাল, প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সৃজনশীল মেধা অন্বেষণে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা উদ্বোধন করলেন শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের নতুন প্রজন্ম মেধা ও প্রতিভায় অনন্য। তাদের বিশ্বমানের যোগ্য ও দক্ষ করে গড়ে তোলাই সরকারের লক্ষ্য। শিক্ষামন্ত্রী গতকাল ২০ মার্চ শনিবার রাজধানীর রেসিডেন্সিয়াল মডেল কলেজ মিলনায়তনে তৃতীয় সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৫ এর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.২), নিউজ টুডে (পৃ.৩,ক.৪)।

৩। টিকাদান কর্মসূচিতে যুক্ত হলো নিউমোনিয়া ও পোলিও ভ্যাকসিন : স্বাস্থ্যমন্ত্রীর উদ্বোধন

সম্প্রসারিত টিকাদান কর্মসূচিতে পিসিভি ও আইপিভি টিকা সংযোজন করেছে সরকার। গতকাল ২০ মার্চ শনিবার এ দু'টি টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। এ সময় তাঁর উপস্থিতিতে কয়েকজন শিশুকে পিসিভি ও আইপিভি টিকা দেওয়া হয়। শিশুদের নিউমোনিয়া রোগ প্রতিরোধ এবং দেশে পোলিওমুক্ত অবস্থা বজায় রাখতে এ কার্যক্রম চালু করা হয়েছে। গতকাল ২০ মার্চ শনিবার থেকে এ দুটি টিকা সারাদেশে নির্দিষ্ট বয়সী শিশুদের দেওয়া শুরু হয়ে গেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৪। চট্টগ্রামে কোরিয়ান ইপিজেডে বিনিয়োগ বাড়াতে কোরিয়ার আগ্রহ : বাণিজ্যমন্ত্রী

চট্টগ্রামে কোরিয়ান ইপিজেডে বিনিয়োগ বাড়ানোর আগ্রহ প্রকাশ করেছে কোরিয়া। দক্ষিণ কোরিয়ায় সফররত বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এ কথা জানিয়েছেন। তিনি বলেন, বর্তমানে ঢাকা ইপিজেডে ৭২টি প্রতিষ্ঠানে প্রায় ৬শ' বিলিয়ন মার্কিন ডলার কোরিয়ান বিনিয়োগ রয়েছে। স্যামসাংসহ অনেক কোরিয়ান কোম্পানি বড় ধরনের বিনিয়োগ পরিকল্পনা হাতে নিয়েছে। কোরিয়া বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়ানোর পরিকল্পনার অংশ হিসেবে এ বিনিয়োগ বাড়াবে। মন্ত্রী বলেন, বাংলাদেশে বিনিয়োগ পরিবেশ ও সুযোগ-সুবিধা বিবেচনায় নিয়েই দক্ষিণ কোরিয়া এ সিদ্ধান্ত নিয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় গতকাল ২০ মার্চ শনিবার এ তথ্য জানিয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১)।

৫। রপ্তানিমুখী ১২৩ কারখানার ব্যাংক হিসাব জব্দ

বন্ডেড ওয়্যারহাউজ সুবিধার অপব্যবহারের মাধ্যমে রাজস্ব ফাঁকির অভিযোগে রপ্তানিমুখী ১২৩টি শিল্প-কারখানার ব্যাংক হিসাব জব্দ করেছে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কাস্টমস বন্ড কমিশনারেট। সেই সঙ্গে এসব কারখানার ৩৮৫ পরিচালকের ব্যাংক হিসাবও জব্দ করা হয়েছে। বন্ড লাইসেন্স সুবিধার অপব্যবহার করে ৩৩৯ কোটি টাকা রাজস্ব ফাঁকির অভিযোগে সম্প্রতি এসব কারখানার বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়। জব্দ হওয়া বেশিরভাগই রপ্তানিমুখী গার্মেন্টস কারখানা। এর বাইরে প্লাস্টিকসহ প্যাকেজিং খাতের কারখানাও রয়েছে। এনবিআরের সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। রাসায়নিক সার ব্যবহারে হুমকিতে দেশ: জৈব সার ব্যবহারের তাগিদ বিশেষজ্ঞদের

কৃষিতে মাত্রাতিরিক্ত রাসায়নিক সার ব্যবহারের কারণে জীববৈচিত্র্য, পরিবেশ ও মাটির উর্বরতার ওপর এর দীর্ঘমেয়াদি প্রভাব পড়ছে। রাসায়নিক সার ব্যবহারের নামে আসলে জমিতে এক প্রকার 'বিষ' মেশানো হচ্ছে। যার প্রভাবে মাটি হারাবে তার নিজস্ব উৎপাদিকা শক্তি। ফলে দীর্ঘ মেয়াদে বাংলাদেশের কৃষি উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হবে। তাই প্রান্তিক কৃষকদের উদ্বুদ্ধ করতে এবং কৃষি উৎপাদন বাড়াতে মাটিতে জৈব সারের ব্যবহার বাড়ানোর কোনো বিকল্প নেই। গতকাল ২০ মার্চ শনিবার সকালে বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিলের (বার্ক) কনফারেন্স কক্ষে আয়োজিত জৈব সার স্টাডি বিষয়ক এক কর্মশালায় বক্তারা এ অভিমত ব্যক্ত করেন। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.৩), সমকাল (পৃ.১৭,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৭। পানির অভাবে ঝুঁকিতে দেশ : বিশ্ব পানি দিবস আজ

বাংলাদেশকে নদীমাতৃক দেশ বলা হলেও দেশের সাড়ে নয় কোটি মানুষ বিশুদ্ধ পানি ব্যবহার করতে পারছেন না। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এ তথ্য জানিয়ে বলেছে, বাংলাদেশের মানুষ ঝুঁকির মধ্যে বাস করছেন। কারণ ১৬ কোটি মানুষের দেশটিতে ৯৭ ভাগ মানুষের পানি প্রাপ্যতা নিশ্চিত করা হলেও বিশুদ্ধ পানি ব্যবহার করতে না পারার

কারণে এবং মৌসুম ভেদে পানি সংকটের কারণে স্বাস্থ্য সুরক্ষা বিঘ্নিত হচ্ছে, শিল্পোন্নয়ন ও কৃষি কাজও মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এই বাস্তবতায় আজ ২২ মার্চ রোববার সারা বিশ্বের সঙ্গে দেশেও পালিত হচ্ছে 'বিশ্ব পানি দিবস'। দিবসের এবারের প্রতিপাদ্য : 'পানি এবং টেকসই উন্নয়ন'। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.২), যুগান্তর (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৮। রাজনৈতিক অস্থিরতার প্রভাব শেয়ার বাজারে

পুঁজিবাজারে দফায় দফায় শেয়ারের দরপতনে হতাশ হয়ে পড়েছেন বিনিয়োগকারীরা। গত জানুয়ারি মাসে রাজনৈতিক অস্থিতিশীলতা শুরু হওয়ার পর থেকেই পুঁজিবাজারের দরপতন শুরু হয়েছে। মাঝে কয়েকদিন দরপতন থামলেও তা স্থায়ী হয়নি। এখনও চলছে টানা দরপতন। এতে শেয়ারে বিনিয়োগকারীরা হতাশ হয়ে পড়েছেন। বাজার সংশ্লিষ্টরা বলছেন, রাজনৈতিক অস্থিতিশীলতায় বিনিয়োগকারীরা বাজারে বিনিয়োগে আস্থা পাচ্ছেন না। ফলে দরপতন হচ্ছে, লেনদেনও কমে এসেছে। এতে ব্রোকারেজ হাউসগুলো খরচ উঠাতে পারছে না। বেশিরভাগ মালিকই পড়েছেন বিপাকে। এমনকি স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন খরচ উঠাতে অন্তত চারশ' কোটি টাকা লেনদেন হতে হয়। সেটিও এখন হচ্ছে না। ফলে পুঁজিবাজার সংশ্লিষ্ট সবাই চরম হতাশ হয়ে পড়েছেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২)।

৯। ডিসিসি নির্বাচনে বিলবোর্ড অপসারণ হলেও বন্ধ হয়নি পোস্টার সাঁটানো

দু'দিন আগেও রাজধানীর যত্রতত্র দেখা যাচ্ছিল আসন্ন ঢাকা সিটি কর্পোরেশন (ডিসিসি) নির্বাচন উপলক্ষে নানা স্লোগান ও ছবি-সংবলিত বিভিন্ন মেয়র-কাউন্সিলর প্রার্থীর বিশাল বিশাল বিলবোর্ড। স্বল্প সময়ের ব্যবধানে উধাও হয়ে গেছে সেগুলো। প্রধান প্রধান সড়কে এখন আর বিলবোর্ড চোখে পড়ে না। সেখানে ভেসে উঠেছে পুরনো বিজ্ঞাপনগুলো। তবে অনেক স্থানেই রয়ে গেছে প্রার্থীদের ফেস্টুন ও পোস্টার। অচিরেই এসব পেস্টুন ও পোস্টার সরিয়ে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)।

১০। হরতাল-অবরোধে ভূমি অফিস, পোল্ট্রি ফার্ম ও যুবলীগ নেতার বাড়িতে অগ্নিসংযোগ

লাগাতার অবরোধ-হরতালে নাশকতা থেমে নেই। প্রায় প্রতিদিনই দেশের কোথাও না কোথাও নাশকতা চালানো হচ্ছে। গত ১৯ মার্চ শুক্রবার রাতে সিরাজগঞ্জে ভূমি অফিসে আগুন দেওয়া, রাজশাহীতে পুড়িয়ে সাড়ে তিন হাজার মুরগীর বাচ্চা হত্যা, যুবলীগ নেতা বাড়িতে অগ্নিসংযোগসহ নাশকতাকারীদের গ্রেফতারে অভিযানকালে লক্ষ্মীপুরে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে এক যুবদল কর্মীসহ দুইজন গুলিবিদ্ধ, ঝিনাইদহে এক ডাকাত নিহত ও নারায়ণগঞ্জে মাদ্রাসা থেকে অস্ত্র, গোলাবারুদ উদ্ধারের ঘটনা ঘটেছে।গ্রেফতার হয়েছে নাশকতাকারী, তাদের অর্থ-মদদ-আশ্রয়-প্রশ্রয়দাতাসহ শতাধিক বিএনপি-জামায়াত-শিবির নেতাকর্মী ও পেশাদার ভাড়াটে সন্ত্রাসী। উদ্ধার হয়েছে পেট্রোলবোমা, ককটেল, আগ্নেয়াস্ত্র ও তাজা বুলেট। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ., ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার : আসন্ন ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে বিএনপি অংশগ্রহণ করবে এবং নির্বাচন কমিশন তথা সরকার এই নির্বাচনকে অবাধ ও সুষ্ঠু করার ক্ষেত্রে শতভাগ আন্তরিকতা প্রদর্শন করবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : পানি সংকট সমাধানে নদী-নালা সংস্কার, বৃষ্টির পানি সংরক্ষণসহ বাস্তবভিত্তিক, সময়োচিত ও সুদূরপ্রসারী ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ;

গ. জনকণ্ঠ, সংবাদ : বাংলাদেশ-ভারত ক্রিকেট ম্যাচের পক্ষপাতদুষ্ট অ্যাম্পায়ারিং এর সমালোচনা;

ঘ. সমকাল, সংবাদ, ডেইলি অবজারভার : সুন্দরবনসহ দেশের সকল বনভূমি রক্ষায় সরকার ও নাগরিক মিলে কাজ করলে বন রক্ষা পাবে সেই সাথে পরিবেশ রক্ষা পাবে বলে অভিমত প্রকাশ;

ঙ. ইনকিলাব : রাজধানীসহ শহরাঞ্চলের মানুষের মধ্যে ওজন বৃদ্ধি ও মুটিয়ে যাওয়ার প্রবণতা বাড়ায় আশঙ্কা প্রকাশ করে গণমাধ্যমে এ নিয়ে সচেতনামূলক প্রচার-প্রচারণা চালানোর উদ্যোগ নেওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার : বান্দরবানের সংরক্ষিত বনাঞ্চলের সুরক্ষায় অবৈধ গাছকাটা বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : সুঋণের প্রবাহ বাড়াতে বাংলাদেশ ব্যাংকের গৃহীত বিভিন্ন প্রণোদনার সফলতার প্রত্যাশা;

জ. ডেইলি সান : ওষুধের মুল্য সাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. নিউ এজ : দলিতসহ অন্যান্য নিম্ন সম্প্রদায়ের লোকজনদের সহায়ক কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে আসন্ন তিনটি সিটি কর্পোরেশন নির্বাচনে একমাত্র দেশ এবং দেশের মানুষকে বাঁচানোর কর্মসূচিই পারে সাধারণ ভোটদাতাদের আকৃষ্ট করতে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'ঘনিয়ে আসছে জল সংকট' শিরোনামের নিবন্ধে আলম শাইন বিশুদ্ধ পানির

সংকটের বিষয়টি বিবেচনায় এনে বাংলাদেশকে এখনই সাবধান হতে হবে, না হলে অনেক প্রাচীন সভ্যতার মতো পানি সংকটের কারণে একদিন বাংলাদেশও হারিয়ে যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/বিপ্ল/২০১৫/৯.০০ ঘণ্টা